



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 1st
Answer Worksheet - 3
Class - 2

Subject : Bengali Text
Topic : বোম্বাগড়ের রাজা

Date : 04.07.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) বোম্বাগড়ের রাজা, রানি ও রানির দাদা কী করেন?

উঃ বোম্বাগড়ের রাজা ছবির ফ্রেমে আমসত্ত্ব ভাজা বাঁধিয়ে রাখেন। রাজসভায় হুক্কাছয়া বলে টেঁচান। ওখানকার রানি অষ্টপ্রহর মাথায় বালিশ বেঁধে রাখেন। রানির দাদা পাউরুটিতে পেরেক ঠোকেন।

২) বোম্বাগড়ের সাধারণ লোকেরা ও পণ্ডিতেরা কী করেন?

উঃ বোম্বাগড়ের সাধারণ লোকদের সর্দি হলে তারা ডিগবাজি খায়। জোছনা রাতে তারা সবাই চোখে আলতা মাখায়। সেখানকার পণ্ডিতেরা টাকের উপর ডাকের টিকিট লাগায়। আর তারা ট্যাকঘড়িকে ঘিয়ে ডুবিয়ে রাখে।

৩) বোম্বাগড়ের রাজার সিংহাসনে কী ঝোলানো হয় ও রাজার মন্ত্রী, পিসি, খুড়ো এরা কী করেন?

উঃ বোম্বাগড়ের রাজার সিংহাসনে ভাঙা বোতল, শিশি ঝোলানো হয়। মন্ত্রী রাজার কোলে বসে কলসি বাজায়। রাজার পিসি কুমড়ো নিয়ে ক্রিকেট খেলেন। আর রাজার খুড়ো হুক্কোর মালা পরে নাচেন।

_____ x _____

Rita Das